website:www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা।**

৩ নভেম্বর, ২০১৬
বিআরপিডি সার্কুলার লেটার নং-১৫ তারিখ ঃ-------------------
১৯ কার্তিক, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

**দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ তারিখঃ ০২ আগস্ট, ২০০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত স্কীমের মেয়াদ বৃদ্ধির উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিআরপিডি(আর-১)৬৫১/৯(১০)/২০১৬-৭২৩১ নং প্রজ্ঞাপনটির অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তি ঃ ০১ (এক) পৃষ্ঠা।

আপনাদের বিশ্বস্ত,

(আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

**প্রজ্ঞাপন**

নং-বিআরপিডি (আর-১)৬৫১/৯(১০)/২০১৬-৭২৬৯

তারিখ ঃ ৩ নভেম্বর, ২০১৬ / ১৯ কার্তিক, ১৪২৩

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ এর ১৪ নং আইন) এর ধারা ৭৭ এর উপধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ (যাহা সর্বশেষ ৩ নভেম্বর, ২০১৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সংশোধিত) এর অনুচ্ছেদ নং ১০ এবং অনুচ্ছেদ নং ১৫ এর বিধান এবং General Clause Act, 1897 এর ২১ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক উক্ত স্কীমের অনুচ্ছেদ নং ৭ এবং অনুচ্ছেদ নং ১০-এর কতিপয় বিধান নিম্নরূপভাবে প্রতিস্থাপন ও সংযোজন করিলঃ

১। দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ এর অনুচ্ছেদ নং ৭ এর উপ-অনুচ্ছেদ (১) এ প্রদত্ত পরিশোধ সূচির শেষ ৪ (চার) সারিতে উল্লিখিত-

| | |
|---|---|
| আরো ১.০০ কোটি টাকা | নির্ধারিত দিনের ১০২ মাস পর হইতে ১০৮ মাসের মধ্যে। |
| আরো ১.০০ কোটি টাকা | নির্ধারিত দিনের ১০৮ মাস পর হইতে ১১৪ মাসের মধ্যে। |
| আরো ১.০০ কোটি টাকা | নির্ধারিত দিনের ১১৪ মাস পর হইতে ১২০ মাসের মধ্যে। |
| অবশিষ্ট স্থিতি | নির্ধারিত দিনের ১২০ মাস পর।" |

এর স্থলে নিম্নলিখিত সারণী প্রতিস্থাপিত হইবেঃ

| | |
|---|---|
| "আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১০২ মাস পর হইতে ১০৮ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১০৮ মাস পর হইতে ১১৪ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১১৪ মাস পর হইতে ১২০ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১২০ মাস পর হইতে ১২৬ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১২৬ মাস পর হইতে ১৩২ মাসের মধ্যে। |
| আরো ২০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১৩২ মাস পর হইতে ১৩৮ মাসের মধ্যে। |
| আরো ৫০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১৩৮ মাস পর হইতে ১৪৪ মাসের মধ্যে। |
| আরো ৫০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১৪৪ মাস পর হইতে ১৫০ মাসের মধ্যে। |
| আরো ৫০.০০ লক্ষ টাকা | নির্ধারিত দিনের ১৫০ মাস পর হইতে ১৫৬ মাসের মধ্যে। |
| অবশিষ্ট স্থিতি | নির্ধারিত দিনের ১৫৬ মাস পর।" |

২। দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ এর অনুচ্ছেদ ১০ এর শর্তাংশে উল্লিখিত "এই স্কীম কার্যকর হওয়ার দশ বৎসর পর" এর পরিবর্তে "এই স্কীম কার্যকর হওয়ার তের বৎসর পর" প্রতিস্থাপিত হইবে।

উক্ত স্কীমের অপরাপর বিধানাবলী অপরিবর্তিত থাকিবে। এই প্রজ্ঞাপনে বর্ণিত পরিবর্তনসমূহ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

ফজলে কবির

গভর্নর

বাংলাদেশ ব্যাংক